শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ
মাদরাসা শিক্ষা অধিদপ্তর,ঢাকা
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ারলেভেল-০৩
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড,রমনা,ঢাকা-১০০০
www.dme.gov.bd

স্মারক: নং-৫৭.২৫.০০০০.০০২.১৭.০০৪.১৮-৬০ তারিখ: ৩০.০৪.২০১৮খ্রি.

বিষয়: গাজীপুর জেলার শ্রীপুর উপজেলাধীন গাজিপুর ফাযিল মাদরাসায় বর্তমানে অনুমোদিত গভর্নিং বডি বা Ad-Hoc কমিটি না থাকা অবস্থায় সরকারি নির্দেশনা অনুযায়ী উক্ত মাদরাসার অধ্যক্ষ কর্তৃক মাদরাসা শিক্ষা অধিদপ্তর হতে বিকল্প পদ্ধতিতে বেতন-ভাতা (এমপিও) উত্তোলনের অনুমতি গ্রহণ না করায় পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত উক্ত মাদরাসা বেতন-ভাতা (এমপিও) পরিশোধ স্থগিতকরণ প্রসঙ্গে।

সূত্র: (১) মাদরাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং- ৫৭.২৫.০০০০.০১০.০১.০০৩.১৭.৮৯ তারিখ: ১৭.০৪.২০১৮ খ্রি.।
(২) রেজিস্ট্রার,ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় এর সাথে টেলিফোনিক আলাপ তারিখ : ৩০.০৪.২০১৮ খ্রি:।
(৩) ৩৭.০০.০০০০.০৭২.০৬.০১৯.১৩-৬৭ তারিখ: ২৩.০৬.২০১৬ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্ত জানানো যাচ্ছে যে, সূত্রে বর্ণিত (১) নং পত্রের মাধ্যমে মাদরাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক গাজীপুর জেলার শ্রীপুর উপজেলাধীন গাজিপুর ফাযিল মাদরাসায় বর্তমানে অনুমোদিত গভর্নিং বডি বা Ad-Hoc কমিটি আছে কিনা এ ব্যাপারে তথ্য প্রেরণের জন্য ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়কে অনুরোধ করা হয়।

০২. সূত্রে বর্ণিত (২) নং স্মারকের মাধ্যমে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় হতে যে তথ্য জানানো হয়েছে তা নিম্নরুপ-
(ক)গাজীপুর জেলার শ্রীপুর উপজেলাধীন গাজিপুর ফাযিল মাদরাসায় বর্তমানে অনুমোদিত কোন গভর্নিং বডি নেই।
(খ) সর্বশেষ ৩১.০৭.২০১৭ খ্রি: তারিখে Ad-Hoc কমিটির মেয়াদ উত্তীর্ণ হয়েছে।
(গ) উক্ত তারিখের (৩১.০৭.২০১৭ খ্রি:) পর হতে উক্ত মাদরাসায় ((গাজীপুর জেলার শ্রীপুর উপজেলাধীন গাজিপুর ফাযিল মাদরাসা) পূর্ণাঙ্গ বা Ad-Hoc কোন কমিটিই নেই।

০৩. যে সমস্ত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে ম্যানেজিং কমিটি বা গভর্নিং বডি এর সভাপতি নেই অথবা অন্য কোন কারণে উল্লিখিত কমিটি ও গভর্নিং বডির কার্যক্রম স্থগিত আছে সে সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের বেতন ভাতা (এমপিও) উত্তোলনের স্বার্থে প্রতিষ্ঠানের বিলে উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী কর্মকর্তা ও জেলা সদরে জেলা প্রশাসক প্রতিস্বাক্ষর করার বিধান রয়েছে {সূত্র(৩)}।

০৪. যেহেতু উপরিউক্ত মাদরাসায় নিয়মিত বা Ad-Hoc কমিটি নেই সেহেতু উপরিউক্ত নির্দেশনা অনুযায়ী আলোচ্য গভর্নিং বডির অনুপস্থিতিতে বিকল্প কর্মকর্তার (উপজেলা নির্বাহী কর্মকর্তা /জেলা প্রশাসক) স্বাক্ষরে এমপিও উত্তোলনের ক্ষেত্রে মাদরাসা শিক্ষা অধিদপ্তরের অনুমতি গ্রহণ করা আবশ্যক ছিল, কিন্তু উল্লিখিত মাদরাসা কর্তৃক অত্র অধিদপ্তর থেকে এ সংক্রান্ত কোন অনুমতি গ্রহণ করা হয়নি বিধায় উক্ত মাদরাসার এমপিও সংক্রান্ত বিল তৈরী ও ব্যাংকে দাখিল এবং ব্যাংক হতে এমপিও সংক্রান্ত অর্থ উত্তোলন আইনানুগ হচ্ছেনা।

০৫. এমতাবস্থায়, মাদরাসা শিক্ষা অধিদপ্তরের পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত গাজীপুর জেলার শ্রীপুর উপজেলাধীন গাজীপুর ফাযিল মাদরাসার বেতন-ভাতা (এমপিও) পরিশোধ স্থগিত রাখার নিমিত্ত ম্যানেজার,অগ্রনী ব্যাংক,শ্রীপুর (হেডকোয়ার্টার) শাখাকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য মহোদয়কে অনুরোধ করা হলো। এখানে উল্লেখ্য যে,উপরিউক্ত নির্দেশনাটি বাস্তবায়নক্রমে বাস্তবায়ন প্রতিবেদন এ অধিদপ্তরে(আগামি ০৯.০৫.১৮ খ্রি: তারিখের মধ্যে) প্রেরণ নিশ্চিত করার জন্যও মহোদয়কে বিণীত অনুরোধ করা হলো। বিষয়টি অতীব জরুরী।

Zaman 30.04.18
(মোহাম্মদ শামসুজ্জামান)
উপ-পরিচালক (অর্থ)
মাদরাসা শিক্ষা অধিদপ্তর

ডেপুটি জেনারেল ম্যানেজার
অগ্রণী ব্যাংক লিঃ, প্রধান শাখা

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে :
১। রেজিস্ট্রার,ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়,বাড়ি নং-১২৪/২২,ব্লক-এ,সড়ক নং-০৩,পশ্চিম ধানমন্ডি,বছিলা,মোহাম্মদপুর,ঢাকা-১২০৭।
১। সচিব মহোদয়ের একান্ত সচিব,কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়,পরিবহন পুল ভবন (৯ম তলা)সচিবালয় লিংক রোড,ঢাকা।
২। ম্যানেজার,অগ্রণী ব্যাংক,শ্রীপুর (হেডকোয়ার্টার) শাখা,শ্রীপুর,গাজীপুর (এ সংক্রান্ত নির্দেশনা বাস্তবায়নক্রমে বাস্তবায়ন প্রতিবেদন প্রেরণের অনুরোধসহ)।
৩। অফিস কপি।

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
মাদরাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩
৩৭/৩/এ,ইস্কাটনগার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।
www.dme.gov.bd

স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৩.০২.০৪০.১৭- ৮৮ তারিখ: ০৯.০৫.২০১৮খ্রি:।

বিষয়: বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠাসমূহে ম্যানেজিং কমিটি/গর্ভণিং বডি না থাকা কালে এবং অধ্যক্ষের অবর্তমানে উপাধ্যক্ষ (ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে) এবং সুপারের অবর্তমানে সহকারী সুপার এর স্বাক্ষরে এবং জেলা প্রশাসক/ উপজেলা নির্বাহী অফিসার এর প্রতি স্বাক্ষরে শিক্ষক-র্কমচারীদরে বেতন-ভাতাদির (এম পি ও) বিল উত্তোলনের অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্রঃ (১) উত্তরচাঁদপুর হামিদিয়া আলিম মাদরাসার আবেদন তারিখ:০১.০৪.২০১৮খ্রি.।
(২) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭২.০৬.০১৯.১৩.৬৭ তারিখ:২৩.০৬.২০১৬খ্রি.।
(৩) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-শিম/শাঃ১১/৩-৯/২০১১/২৫৬ তারিখ:০৬.০৬.২০১১খ্রি:।
(৪) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-শিম/শাঃ১১/৩-৯/২০১১/৪৮৪ তারিখ:০৯.০৭.২০১২খ্রি:।
(৫) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-শিম/শাঃ১১/২(২)/৯৯(অংশ-১)/১২৮৮ তারিখ:০৫.১০.২০০২খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে সদয় অবগতি ও পরবর্তী ব্যবস্থা গ্রহণের নিমিত্ত জানানো যাচ্ছে যে, সূত্রোস্থ ১ নং স্মারক মূলে অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), (জনাব এস.এম.শাহারীয়া আমীর, উত্তরচাঁদপুর হামিদিয়া আলিম মাদরাসা), কর্তৃক এ অধিদপ্তরে লিখিত আবেদনের মাধ্যমে জানানো হয় যে, বিষয়োক্ত মদরাসার গর্ভণিং বডির মেয়াদ ০৭.০৩.২০১৮ খ্রি: তারিখে শেষ হয়ে যায় ।(কপি সংযুক্ত)।

০২. মাদরাসা কর্তৃপক্ষ কর্তৃক মাদরাসা শিক্ষা বোর্ডের বিধি মোতাবেক ম্যানেজিং কমিটি ২০১৮ এর কার্যক্রম শুরু করলে কতিপয় ব্যক্তি ০৮.০২.২০১৮ তারিখে ১৩/২০১৮ নং দেওয়ানী মোকদ্দমা দায়ের করলে বিজ্ঞ আদালত গভর্নিং বডি গঠনের উপর অস্থায়ী নিয়েধাজ্ঞা জারি করেন। সে কারনে পূর্ণাঙ্গ গভর্নিং বডি গঠন করা সম্ভব হয়নি। মাদরাসা সুষ্ঠভাবে পরিচালনা করার জন্য পুনরায় এডহক কমিটি গঠনের অনুমতি চেয়ে মাদরাসা শিক্ষাবোর্ডে অনলাইনে আবেদন করা হয়েছে মর্মে অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), জনাব এস.এম.শাহারীয়া আমীর, উত্তরচাঁদপুর হামিদিয়া আলিম মাদরাসা, কর্তৃক সূত্রোস্থ ১ নং স্মারকে জানানো হয়েছে। (কপি সংযুক্ত)

০৩. এডহক কমিটি গঠন ও অনুমোদন না হওয়া পর্যন্ত অত্র প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতাদি উত্তোলন সম্ভব হচ্ছে না। তাই অত্র প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের বেতন বিলে প্রতিস্বাক্ষর করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে ক্ষমতা প্রদান করার জন্য ভারপ্রাপ্ত (অধ্যক্ষ) কর্তৃক দাখিলকৃত আবেদনে উল্লিখিত হয়েছে।

০৪. সূত্রোস্থ ২ নং স্মারক মোতাবেক বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠাসমূহে ম্যানেজিং কমিটি/গর্ভণিং বডি না থাকা কালে এবং অধ্যক্ষের অবর্তমানে উপাধ্যক্ষ (ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে) এবং সুপারের অবর্তমানে সহকারী সুপার এর স্বাক্ষরে শিক্ষকদের বেতন-ভাতাদি উত্তোলনের নিমিত্ত জেলা প্রশাসক/উপজেলার ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতাদির এম,পি,ও বিলে প্রতিস্বাক্ষরের বিধান রয়েছে। (কপি সংযুক্ত)।

০৫. বর্ণিত অবস্থার প্রেক্ষিতে বর্ণিত মাদরাসায় নিয়মিত কমিটি/এডহক কমিটি না থাকায় মাদরাসার শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতাদির এম,পি,ও বিল জনাব এস.এম.শাহারীয়া আমীর অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), উত্তরচাঁদপুর হামিদিয়া আলিম মাদরাসা, এর স্বাক্ষরে এবং সূত্রোস্থ ২ নং স্মারক আদেশ মোতাবেক জেলা সদরের ক্ষেত্রে জেলা প্রশাসক/ উপজেলার ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসার এর প্রতিস্বাক্ষরে উত্তোলন হওয়া প্রয়োজন।

০৬. এমতাবস্থায় উত্তরচাঁদপুর হামিদিয়া আলিম মাদরাসার ম্যানেজিং কমিটি/এডহক কমিটি পুনরায় গঠিত না হওয়া পর্যন্ত শিক্ষা মন্ত্রণালয়ের সূত্রের ২, ৩ ও ৪ নং স্মারক আদেশ অনুসরণের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো। গত মার্চ/২০১৮ খ্রি. মাসের বেতন বিল কার স্বাক্ষরে উত্তোলন করা হয়েছে তা ২০.০৫.২০১৮ খ্রি. তারিখের মধ্যে ব্যাখ্যা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

09.05.18
(মো: আবদুল মুকীত)
সহকারী পরিচালক (অর্থ)
মাদরাসা শিক্ষা অধিদপ্তর,ঢাকা
ই-মেইলঃ adfinance.dme@gmail.com

১.উপজেলা নির্বাহী অফিসার, বাঘারপাড়া, যশোর।
২.জনাব এস.এম.শাহারীয়া আমীর অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), উত্তরচাঁদপুর হামিদিয়া আলিম মাদরাসা।

অনুলিপি:
২.জেলা শিক্ষা অফিসার,যশোর।
৩.উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বাঘারপাড়া, যশোর।
৪.অফিস কপি।